ALRD এএলআরডি

BELA

WATER RIGHTS FORUM BANGLADESH

১৮ জানুয়ারি, ২০২৪

**বরাবর**

সহযোগী সংস্থাসমূহ
সুনামগঞ্জ জেলা।

**বিষয়: "হাওরের বাঁধ, কৃষি, নদী ও পরিবেশ সংকট নিরসনে করণীয়" শীর্ষক আলোচনা সভায় উপস্থিত থাকার আমন্ত্রণ।**

**জনাব,**

এসোসিয়েশন ফর ল্যান্ড রিফর্ম এ্যান্ড ডেভেলপমেন্ট **(এএলআরডি)**, বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতি **(বেলা)** ও **পানি অধিকার ফোরাম** এর পক্ষ থেকে শুভেচ্ছা!

নানা প্রজাতির উদ্ভিদ, পরিযায়ী পাখি, জলাবন, মৎস্য ও প্রাকৃতিক সম্পদে ভরপুর এবং পরিবেশ ও প্রতিবেশ ব্যবস্থা হিসেবে গুরুত্ব বহনকারী দেশের প্রধান হাওর ও জলাভূমিসমূহ সিলেট বিভাগে অবস্থিত। এ বিভাগের সুনামগঞ্জ জেলায় সবচেয়ে বেশি বোরো ফসল উৎপাদিত হয়। অর্থনৈতিক অগ্রযাত্রার সাথে সাথে হাওর ও জলাভূমি খ্যাত সুনামগঞ্জের সংবেদনশীল প্রতিবেশ ব্যবস্থাসমূহ অধিকতর ঝুঁকিতে রয়েছে। সুনামগঞ্জের হাওরের পরিবেশ সংকট থেকে উত্তোরণের জন্য ব্যবস্থা গ্রহণের নাগরিক দাবী দীর্ঘদিনের।

এ দাবীকে সামনে রেখে হাওরের পরিবেশ বিপর্যয় রোধ এবং ভারসাম্য রক্ষা করে উন্নয়নকে বর্তমান ও ভবিষ্যতের জন্য নিরাপদ ও পরিবেশবান্ধব হিসেবে গড়ে তোলার লক্ষে **এএলআরডি, বেলা ও পানি অধিকার ফোরাম** এর যৌথ উদ্যোগে **আগামী ২২ জানুয়ারি, ২০২৪ সোমবার, সকাল ১০.৩০ টায় সার্কিট হাউজ মিলনায়তন, সুনামগঞ্জে "হাওরের বাঁধ, কৃষি, নদী ও পরিবেশ সংকট নিরসনে করণীয়"** শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়েছে। **উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন জনাব মোহাম্মদ রাশেদ ইকবাল চৌধুরী, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট সুনামগঞ্জ।**

উক্ত আলোচনা সভায় আপনার অংশগ্রহণ ও সুচিন্তিত মতামত একান্ত কাম্য।

ধন্যবাদান্তে,

সৈয়দা রিজওয়ানা হাসান

**সৈয়দা রিজওয়ানা হাসান**
এ্যাডভোকেট, সুপ্রীমকোর্ট
ও প্রধান নির্বাহী, বেলা

**শামসুল হুদা**
নির্বাহী পরিচালক
**এএলআরডি**